'এবং মহুয়া' – বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (UGC-CARE list-I 2021) অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত। ২০২১ সালে প্রকাশিত ১৫পৃ. তালিকার (৩১৯ টির মধ্যে) ৩ পৃ. ৫০নং উল্লেখিত।

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩তম বর্ষ, ১৩৭ সংখ্যা, আগষ্ট, ২০২১

সম্পাদক
ডা. মদনমোহন বেরা

কে. কে. প্রকাশন
গোলকুঁয়াচক, মেদিনীপুর, প. বঙ্গ।

'এবং মহুয়া' -বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (UGC-CARE list-I 2021) অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত। ২০২১সালে প্রকাশিত ১৩পৃ. তালিকার (৩২৭টির মধ্যে) ও পৃ.৩০নং উল্লেখিত।

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩ তম বর্ষ, ১৪০ সংখ্যা, অক্টোবর, ২০২১



সম্পাদক

ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

'এবং মহুয়া' -বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ(UGC-CARE list-I 2021)
অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত।

২০২১সালে প্রকাশিত ১৬পৃ.তালিকার(৩১৯টির মধ্যে) ৩ পৃ.৬০নং উল্লেখিত।

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩তম বর্ষ, ১৪০ সংখ্যা

অক্টোবর,২০২১

সম্পাদক

ড. মদনমোহন বেরা

সহসম্পাদক

পায়েল দাস বেরা

মৌমিতা দত্ত বেরা

যোগাযোগ :

ড. মদনমোহন বেরা, সম্পাদক।
গোলকুঁয়াচক, পোষ্ট-মেদিনীপুর,৭২১১০১,জেলা-প.মেদিনীপুর, প.বঙ্গ।
মো.-৯১৫৩১৭৭৬৫৩

কে.কে. প্রকাশন
গোলকুঁয়াচক, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ।

U.G.C.- CARE List-I 2021 approved journal, Indian Language-Arts and Humanities Group, out of 16 pages placed in Page 3 & No.60 out of 319

# EBONG MOHUA

Bengali Language, Literature, Research and Referred with Peer-Review Journal

23th Year, 140 Volume

Oct, 2021

Published By

K. K. Prakashan

Golekuachawk, P.O.-Midnapur, 721101.W.B.

DTP and Printed By

K.K.Prakashan

Cover Designed By

Kohinoorkanti Bera

Special Editorial Co-ordinator

Amit Kumar Maity

Communication :

Dr. Madanmohan Bera, Editor.

Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.

Mob.-9153177653

Email- madanmohanbera51@gmail.com/

kohinoor bera @ gmail.com

Rs 500

১৫.ঔপনিবেশিক বাংলায় কুষ্ঠরোগ : প্রসঙ্গ বাঁকুড়া
:: সুকান্ত মজুমদার..........১২১
১৬.পৌণ্ড্রক্ষত্রিয় জাতির আর্থসামাজিক ইতিহাস
:: স্বপন সরকার..........১২৭
১৭.বাঁকুড়ার বিলুপ্তপ্রায় লোকায়ত বসংস্কৃতির বিভিন্ন ধারা
:: জয়ন্ত মণ্ডল..........১৩৫
১৮.আম্বেদকারের সামাজিক ন্যায় ও রাজনৈতিক ভাবনা
:: জয়দেব নায়েক..........১৪১
১৯.সাধন চট্টোপাধ্যায়ের গল্পে সময়
:: জ্যোৎস্না ভট্টাচার্য মল্লিক..........১৪৮
২০.ছিন্নপত্রাবলী-র রবীন্দ্রনাথ ও কবি মণীন্দ্র গুপ্ত
:: মধুপর্ণা মুখার্জি..........১৫৫
২১.মানবাধিকার ও দীর্ঘমেয়াদি উন্নয়ন ঃ সমাজে নারীর অবস্থান ও
সামাজিক উন্নয়নে নারীর ভূমিকা :: প্রণব কির্তুনিয়া..........১৬৩
২২.প্রান্তিক মানুষের জীবনাদর্শ প্রসঙ্গ 'মাটির মৃদঙ্গ'
:: প্রণব কুমার মাইতি..........১৭০
২৩.হ য ব র ল : সুকুমারের স্বতন্ত্র জগৎ
:: সঞ্চিতা চক্রবর্তী..........১৭৫
২৪.গান্ধীত্তোর পরিবেশ ভাবনায় কুমারাপ্পা ও মীরা বেহন
:: স্বস্তিকা বিশ্বাস..........১৮১
২৫.স্বামী বিবেকানন্দের দৃষ্টিতে ধর্ম ও মানবতা : একটি সমীক্ষা
:: সুদীপ পাল..........১৮৯
২৬.জেমস সিল্ক বাকিংহাম : উনবিংশ শতকের ভারতে
নৈতিকতার সাংবাদিকতা :: তুষার কান্তি সাহা..........১৯৩
২৭.স্বপ্নময় চক্রবর্তীর ছোটগল্পে মধ্যবিত্ত বাঙালির অন্তঃসারশূন্যতা
:: বিজয় কুমার স্বর্ণকার..........২০১
২৮.'টাপুর টুপুর' নাটক না-চরিত্রদের কথা
:: মৌ চক্রবর্তী..........২১০
২৯.উপেক্ষিত বাউরী জাতি : ফিরে দেখা (১৯৪৭-২০০১)
:: নির্মল প্রধান..........২২০
৩০.অনন্ত অপেক্ষা : বৈষম্যের বিরুদ্ধে প্রতিবাদী নারীস্বর
:: সিদ্ধার্থ খাঁড়া..........২২৬
৩১.বাউল ও তার সাংস্কৃতিক অভিযোজন
:: সেখ আসাদ আলি..........২৩২

# অনন্ত অপেক্ষা : বৈষম্যের বিরুদ্ধে প্রতিবাদী নারী স্বর

সিদ্ধার্থ খাঁড়া

অমল রায়ের 'অনন্ত অপেক্ষা' (২০১০) রামায়ণের কাহিনির আধুনিক বিনির্মাণ। সীতা মুর্মু, শবরী চক্রবর্তী ও রাধা বিশ্বাসদের ঘরে ও বাইরে সামাজিক ও রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠার লড়াইকে নাটককার রামায়ণের কাহিনির মোড়কে ব্যাখ্যা করেছেন। একুশের দশকের আধুনিক সময়ের তিন জন নারীর বঞ্চনা ও লাঞ্ছনার কাহিনির সঙ্গে রামায়ণের সীতা ও শবরী আর মহাভারতের রাধার কাহিনির সাদৃশ্য নাটককার অনুভব করেছিলেন। এই উপলব্ধি অনন্ত অপেক্ষা নাটকের প্লট নির্মাণ করেছে। সমাজে জাতিভেদ ও সাম্প্রদায়িক বিদ্বেষ প্রবল আকার ধারণ করেছিল যার অবসান চেয়ে এই নাটক লিখিত হয়েছে। লিঙ্গ বৈষম্যহীন নারী-পুরুষের সমান অধিকার ভিত্তিক এক মুক্ত জনসমাজ প্রতিষ্ঠার দাবি জানিয়েছে এই নারীরা। নাটককার অমল রায় তাদের সেই দাবিকে প্রতিষ্ঠিত করতে ও আন্দোলনের শক্তিশালী স্বর তৈরি করতে এই একাঙ্ক নাটকের রচনা করেছেন। পুরুষতন্ত্রের বিরুদ্ধে নারী জাতির ঐক্যবদ্ধ সংগ্রাম এই নাটকের রাজনৈতিক প্রেক্ষাপট।

তল্লাসী চালানোর নামে হরিজন গ্রামে আধা সামরিক বাহিনীর জওয়ানদের দ্বারা ধর্ষিত হয় সীতা মুর্মু। মাওবাদী সন্দেহে সেনারা আদিবাসীদের বাড়ি বাড়ি গিয়ে তল্লাসী চালাত। সেই সময় তারা ঘরের মেয়েদের নানাভাবে নির্যাতন করেছে। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের আমলে আদিবাসীরা সমস্ত সামাজিক অধিকার থেকে বঞ্চিত ছিল। অস্পৃশ্যতার কারণে উচ্চবর্ণের মানুষরা তাদের ঘৃণার চোখে দেখত। খাদ্য থেকে জল সব নিত্য প্রয়োজনীয় দ্রব্য ব্যবহারে বিধি নিষেধ ছিল। শিক্ষা এবং চাকুরি, প্রশাসনিক ও রাজনৈতিক সমস্ত ক্ষেত্রে তাদের কোন অধিকার ছিল না। তাদের পরিবারের মেয়েদের কোন নিরাপত্তা ছিল না। এই সকল অধিকার ও মর্যাদা পাবার জন্য তারা সরকারের বিরুদ্ধে আন্দোলনে অংশগ্রহণ করেছিল। যে আন্দোলনের প্রতিবাদী স্বর এই নাটকের চরিত্র সীতা। 'পুলিশি ধর্ষণের অভিযোগে ১৯৭৮ সালে হায়দরাবাদে রামিকা বীর-মামলা, ১৯৮০ তে মহারাষ্ট্রের মথুরা মামলা ও পশ্চিম উত্তরপ্রদেশের মায়া ত্যাগীর মামলা সারা ভারত জুড়ে সাড়া ফেলেছিল। নারীদের উপর এই অত্যাচারের শাস্তি চেয়ে দেশজুড়ে ধর্ষণের বিরুদ্ধে আন্দোলন হয়েছিল।'[১]